

বিমানের কার্যক্রম ঘুরে দেখলেন এয়ার উইং কোর্সে অংশগ্রহণকারীরা

- A Monitor Desk Report

Date: 25 September, 2024



ঢাকাঃ ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের (ডিএসসিএসসি) কোর্স-২০২৪ (এয়ার উইং) ব্যাচের সিনিয়র ইন্সট্রাক্টর, ডিরেক্টিং স্টাফ, বাংলাদেশ বিমান বাহিনীসহ বিভিন্ন দেশ থেকে উক্ত কোর্সে অংশগ্রহণকারী অফিসাররা তাদের প্রশিক্ষণের অংশ হিসাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনা ও কার্যক্রম পরিদর্শন করেছেন।

মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনা ও কার্যক্রম পরিদর্শন করেন তারা।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও ড. মো. সাফিকুর রহমান বলাকা ভবনে অতিথিদের স্বাগত জানান।

বিভিন্ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা অংশগ্রহণকারীদের বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অপারেশনাল কার্যক্রম সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

কোর্সে অংশগ্রহণকারীদের এ সফরের উদ্দেশ্য হলো এয়ারলাইন্সের অপারেশনাল কার্যক্রম, সাংগঠনিক কাঠামো এবং সাধারণ ও যুদ্ধকালীন সময়ে বেসামরিক বিমান চলাচলের বিষয়ে গৃহীত নীতি ও পদ্ধতি সম্পর্কে ধারণা পাওয়া।

সেশনে আরও উপস্থিত ছিলেন এয়ার কমান্ডার মো. মনিরুল ইসলাম, পরিচালক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটেরিয়াল ম্যানেজমেন্টসহ বিমানের বিভিন্ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা।

-B